দৈনিক বাংলা

তারিখ 0.3 AUG 1993
পৃষ্ঠা ... কলাম ...

# ঢাকা বোর্ডেও অংকে আট নম্বর গ্রেস

স্টাফ রিপোর্টার : ঢাকা বোর্ডের এসএসসি পরীক্ষায় গ্রেস ক্রমে হ্রাস করা হচ্ছে। সদ্য প্রকাশিত এসএসসি পরীক্ষায় ঢাকা বোর্ডের ফলাফলে সর্বোচ্চ গ্রেস দেয়া হয়েছে আট এবং এই গ্রেস দেয়া হয়েছে শুধুমাত্র অংকে।

এতে শতকরা তিনজন ছাত্রছাত্রী উপকৃত হয়েছেন। এক প্রশ্নের উত্তরে ঢাকা বোর্ডের কন্ট্রোলার এ তথ্য জানান।

গত বছর এসএসসি পরীক্ষায় ঢাকা বোর্ডের সর্বোচ্চ গ্রেস দেয়া হয়েছিল ১০ নম্বর। এই দশ যে কোন বিষয়ে দেয়ার নিয়ম ছিল। এখন তা এক বিষয়েই সীমিত। তবে প্রতি ১ নম্বর গ্রেসের জন্য মোট নম্বর থেকে ৫ নম্বর বিয়োগ করা হতো। ১৯৯১ সালে এসএসসি পরীক্ষায় ঢাকা বোর্ডে মোট ২০ নম্বর পর্যন্ত গ্রেস দেয়া হয়েছিল।